

মুখ বড়ো, সামাজিক নয়
শঙ্খ ঘোষ

ঘরে ফিরে মনে হয় বড়ো বেশী কথা বলা হলো ?
চতুরতা, ক্লান্ত লাগে খুব ?

মনে হয় পিরে এসে স্নান করে ধূপ জ্বলে চুপ করে নীলকুঠুরিতে
বসে থাকি ?

মনে হয় পিশাচ পোশাক খুলে পরে নিই
মানব শরীর একবার ?

দ্রাবিত সময় ঘরে বয়ে আনে জলীয়তা, তার
ভেসে ওঠা ভেলা জুড়ে অনন্তশয়ন লাগে ভালো ?

যদি তাই লাগে তবে ফিরে এসো ! চতুরতা, যাও !
কীবা আসে যায়

লোকে বলবে মুখ বড়ো, লোকে বলবে সামাজিক নয়